


# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ পালন

## এসএসএস-এর উদ্যোগ

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

সম্পাদনায়

**আব্দুল হামিদ ভূইয়া**
নির্বাহী পরিচালক
সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

সঙ্কলনে

**গবেষণা ও প্রকাশনা বিভাগ**
সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

# সূ চি প ত্র

| | |
|---|---|
| মুখবন্ধ | ৩ |
| আলোচনা সভা ও দোয়া মাহফিল | ৪ |
| কর্মীদের কালো ব্যাজ ধারণ | ৪ |
| ড্রপ-ডাউন ব্যানার প্রদর্শন | ৫ |
| জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | ৬ |
| র‌্যালি ও প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | ৬ |
| রচনা, হাম্‌দ-নাত ও চিত্রাঙ্কণ প্রতিযোগিতা | ৬ |
| ওয়েবসাইট ও ফেসবুক পেজে শ্রদ্ধাজ্ঞাপন | ৭ |
| অফিস ও অঙ্গ-প্রতিষ্ঠান প্রাঙ্গণে বৃক্ষরোপণ | ৭ |
| বিশেষ স্বাস্থ্যক্যাম্প আয়োজন | ৮ |
| শিক্ষাবৃত্তি প্রদান | ৮ |
| পুষ্টি ও গবাদি-পশু ভ্যাক্সিনেশন ক্যাম্প | ৯ |
| উন্নতমানের খাবার পরিবেশন | ১০ |

# মু খ ব ন্ধ

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)-এর পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাঞ্জলি। ১৫ আগস্ট দিনটি আমাদের মনের গভীরে বেদনার জোয়ার তুলে, স্মরণ করিয়ে দেয়: আমরা আমাদের পিতাকে রক্ষা করতে পারিনি--আমরা দুঃখিত ও শোকাহত। মহান এই নেতার বুদ্ধিদীপ্ত নেতৃত্ব, মাতৃভূমির প্রতি অকৃত্রিম ভালবাসা ও অসীম আত্মত্যাগ প্রজন্ম থেকে প্রজন্মান্তর স্মৃতির আয়নায় দৃশ্যমান থাকবে।

**১৫ আগস্ট দিনটি আমাদের মনের গভীরে বেদনার জোয়ার তুলে, স্মরণ করিয়ে দেয়: আমরা আমাদের পিতাকে রক্ষা করতে পারিনি--আমরা দুঃখিত ও শোকাহত।**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলিক স্বপ্ন ছিল: আপামর জনসাধারণের আর্থিক মুক্তি ও কল্যাণের রাষ্ট্র-গঠন। এসএসএস মহান এই নেতার দর্শনে আবদ্ধ হয়ে কাজ করে যাচ্ছে। এসএসএস জাতীয়-পর্যায়ের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা। বাংলাদেশ সরকারের উন্নয়ন সহযোগী হিসাবে কাজ করে যাচ্ছে। তিন-যুগেরও বেশি সময় ধরে এসএসএস সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে বহুমাত্রিক কর্মকাণ্ড বাস্তবায়ন করে যাচ্ছে।

এসএসএস দারিদ্র্য ও ক্ষুধামুক্ত দেশ বিনির্মাণে উন্নয়ন ও কল্যাণমূলক কর্মতৎপরতায় সর্বদাই আগুয়ান। এ-বিষয়ে উন্নয়ন পরিমণ্ডলে সংস্থা বিশেষ পরিচিতি অর্জন করেছে। সংস্থার গতিশীল কর্মকাণ্ডসমূহের মধ্যে--শিক্ষা ও শিশু উন্নয়ন, খাদ্য-পুষ্টি ও স্বাস্থ্যসেবা, কৃষি-মৎস্য-প্রাণিসম্পদ উন্নয়ন, সামাজিক অবক্ষয় দূরীকরণে যুবসমাজের উন্নয়ন ও ভিক্ষাবৃত্তি দূরীকরণ, শিক্ষাবৃত্তি প্রদান ও মেধা ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন, প্রযুক্তি ও কারিগরি শিক্ষা-প্রশিক্ষণের সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টি, প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও শুদ্ধাচার প্রতিষ্ঠা, দুর্যোগ ব্যবস্থাপনা-ত্রাণ-পুর্নবাসন কার্যক্রম, কল্যাণ ও অনুদান প্রদানমূলক কর্মকাণ্ড, সমাজ-সংস্কৃতি-ইতিহাস সংরক্ষণ ও উন্নয়ন, আয়বর্ধনমূলক কর্মকাণ্ড সৃজন ও সক্রিয়করণে অন্তর্ভুক্তিমূলক আর্থিক পরিষেবা ও কারিগরি সহায়তা ইত্যাদি অন্যতম।

আমরা জাতি-ধর্ম-বর্ণ-গোত্র-নির্বিশেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উন্নয়ন রূপকল্প অন্তরে লালন করি। বাংলাদেশকে একটি আদর্শ রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠায় সকলে একইসঙ্গে কাজ করি। মহান এই মানবের আত্মার মাগফেরাত কামনা করে শেষ করছি। আল্লাহ্ হাফেজ।

**আব্দুল হামিদ ভূইয়া**
নির্বাহী পরিচালক
সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

*সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ যথাযথ মর্যাদা ও আনুষ্ঠানিকতার মধ্যদিয়ে পালন করে। এই উপলক্ষে গ্রহণ করা হয় বিশেষ এক পরিকল্পনা। মাসব্যাপী (১-৩১ আগস্ট ২০২২) বাস্তবায়ন হয় বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রম।*

*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ সম্মানের সাথে সুশৃঙ্খল পরিবেশে উদ্‌যাপনে ৩১ জুলাই ২০২২ সংস্থার মানবসম্পদ ও প্রশাসন বিভাগ হতে একটি বিশেষ সার্কুলার ইস্যু করা হয়। সার্কুলারে উল্লিখিত কর্মসূচিসমূহ সংস্থার প্রতিটি অফিস ও অঙ্গ-প্রতিষ্ঠানে যথাযথভাবে বাস্তবায়নে কঠোর নির্দেশনা দেওয়া হয়। এ-বিষয়ে বিশেষ মনিটরিং ও যোগাযোগ পরিচালনা করা হয়।*




এসএসএস-এর ফাউন্ডেশন অফিসে জাতীয় শোক দিবস (১৫ আগস্ট ২০২২) উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলের একাংশ

# আলোচনা সভা ও দোয়া মাহফিল

১৫ আগস্ট বাংলাদেশের মহান রূপকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে এসএসএস-এর ফাউন্ডেশন অফিস ও বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠানসমূহে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সকাল ১১টায় এসএসএস-এর নির্বাহী পরিচালক জনাব আব্দুল হামিদ ভূইয়ার সভাপতিত্বে ফাউন্ডেশন অফিসের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। সভায় এসএসএস-এর বিভিন্ন বিভাগ ও সেকশনের কর্মকর্তা ও কর্মীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। আলোচনা সভায় নির্বাহী পরিচালক মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধুর জীবন ও কর্ম এবং বাংলাদেশের স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনবদ্য ভূমিকার উপর আলোকপাত করেন। এছাড়া দোয়া মাহফিলে ১৫ আগস্ট ১৯৭৫-এ শহীদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। সংস্থার অন্যান্য অঙ্গ-প্রতিষ্ঠানেও আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয়।

# কর্মীদের কালো ব্যাজ ধারণ

১৫ আগস্ট ১৯৭৫-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের নির্মমভাবে হত্যার প্রতি তীব্র ঘৃণা ও নিন্দা জ্ঞাপন এবং শোক প্রকাশস্বরূপ এসএসএস-এর সকল কার্যালয় ও অঙ্গ-প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মীগণ পুরো আগস্ট মাসজুড়ে কালো ব্যাজ ধারণ করেন।



# ভবনসমূহে ড্রপ-ডাউন ব্যানার

১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে এসএসএস-এর সকল ভবনে ১-৩১ আগস্ট ২০২২ পর্যন্ত ড্রপ-ডাউন ব্যানার প্রদর্শন করা হয়।




এসএসএস-এর ফাউন্ডেশন অফিসে ড্রপ-ডাউন ব্যানার প্রদর্শন




এসএসএস-এর টাঙ্গাইল যোন অফিসে ড্রপ-ডাউন ব্যানার প্রদর্শন

# ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, র‍্যালি ও পুষ্পস্তবক অর্পণ

এসএসএস-এর প্রধান কার্যালয়, ফাউন্ডেশন অফিস, এসএসএস-এর বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠান, দেশব্যাপী বিভিন্ন যোন ও শাখা অফিসে ১৫ আগস্ট (সোমবার) দিনের শুরুতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।

একইদিন সকাল ৭.৩০টায় এসএসএস ফাউন্ডেশন অফিস হতে কমকর্তা ও কর্মীগণ টাঙ্গাইলের পৌর উদ্যান পর্যন্ত একটি র‍্যালি বের করেন। এসএসএস-এর কর্মকর্তা ও কর্মীগণ সকাল ৮টায় পৌর উদ্যানে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর তারা পৌর উদ্যানের মুক্তমঞ্চে সকাল ১০টায় টাঙ্গাইলের জেলা প্রশাসক জনাব ড. মো. আতাউল গণির সভাপতিত্বে আয়োজিত এক আলোচনা সভায় অংশ নেন। এছাড়া সংস্থার যোন, এরিয়া ও শাখা-পর্যায়ের কর্মকর্তা ও কর্মীগণও স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচিতে অংশ নেন।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের উদ্দেশে এসএসএস ফাউন্ডেশন অফিসের র‍্যালি




এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুলে পতাকা অর্ধনমিত রাখার দৃশ্য

# চিত্রাঙ্কণ, রচনা ও হাম্‌দ-নাত প্রতিযোগিতা




এসএসএস-পৌর আইডিয়াল হাই স্কুলে চিত্রাঙ্কণ, রচনা ও হাম্‌দ-নাত প্রতিযোগিতার শেষে একজন ছাত্রীকে পুরস্কার দেওয়া হচ্ছে

এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোম ও এসএসএস-পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষে চিত্রাঙ্কণ, রচনা ও হাম্‌দ-নাত প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

# ওয়েবসাইট ও সোস্যাল মিডিয়ায় শ্রদ্ধা জ্ঞাপন




১-৩১ আগস্ট ২০২২ পর্যন্ত এসএসএস-এর ওয়েবসাইট (www.sss-bangladesh.org) এবং ফেসবুক পেজে (https://www.facebook.com/SocietyforSocialService) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করে উপর্যুক্ত স্টিকার, বিভিন্ন ছবি এবং বিভিন্ন কর্মসূচির নিউজ প্রচার করা হয়

## বৃক্ষরোপণ...



এসএসএস-এর শাখা-পর্যায়ে বৃক্ষরোপণ ও পরিচর্যা

এসএসএস-এর বিভিন্ন অঙ্গ-প্রতিষ্ঠান, যেমন: এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোম, এসএসএস-পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়, এসএসএস-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং মাঠ পর্যায়ের বিভিন্ন কার্যালয় প্রাঙ্গণে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি হিসেবে বৃক্ষরোপণ ও পরিচর্যা করা হয়।

# বিশেষ মেডিক্যাল ক্যাম্প

এসএসএস-এর সমৃদ্ধি কর্মসূচি, প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি ও প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি (পিএইচসিপি)-এর উদ্যোগে জাতীয় শোক দিবস-২০২২ পালন উপলক্ষে পুরো আগস্ট মাসজুড়ে কর্মএলাকায় বিশেষ স্বাস্থ্যক্যাম্পের আয়োজন করা হয়।




এসএসএস-এর পিএইচসিপি কার্যক্রমের উদ্যোগে জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে একটি বিশেষ স্বাস্থ্যক্যাম্পে একজন রোগীকে চিকিৎসাসেবা দেওয়া হচ্ছে

উক্ত স্বাস্থ্যক্যাম্পে সংস্থার সমিতিভুক্ত সদস্য এবং স্থানীয় দরিদ্র ও স্বল্প আয়ের লোকজনদের বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান করা হয়। আগস্ট ২০২২-এ মাঠ-পর্যায়ে ৪০টি স্বাস্থ্যক্যাম্পে প্রায় ১,৬০০ জন রোগী বিনামূল্যে চিকিৎসাসেবা গ্রহণ করেন।

# শিক্ষাবৃত্তি প্রদান...



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে আয়োজিত শিক্ষাবৃত্তি অনুষ্ঠানে একজন মেধাবী শিক্ষার্থীকে চেক প্রদান করা হচ্ছে

*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অর্থায়নে এবং সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)-এর শিক্ষাবৃত্তি কার্যক্রমের অধীনে ৩০ জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। ৩০ জন উচ্চ মাধ্যমিক প্রথম ও দ্বিতীয় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর মাঝে শিক্ষাবৃত্তি হিসেবে এককালীন মাথা প্রতি ১২,০০০ টাকা করে মোট ৩,৬০,০০০ (তিন লক্ষ ষাট হাজার) টাকার চেক বিতরণ করা হয়।*

# পুষ্টি ও ভ্যাক্সিনেশন ক্যাম্প

*জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে পুরো আগস্ট মাসব্যাপী এসএসএস-এর অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন (নেম) কর্মসূচির অধীনে টাঙ্গাইলের আটটি শাখায় মা ও শিশুদের জন্য পুষ্টিক্যাম্প এবং গবাদিপশুর ভ্যাক্সিনেশন ক্যাম্পের আয়োজন করা হয়। পুষ্টিক্যাম্পগুলোতে ছয়মাস হতে পাঁচ বছর বয়সী শিশুদের জন্য ঘরের সহজলভ্য উপকরণ দিয়ে পুষ্টিকর খাবার তৈরির পদ্ধতি হাতে-কলমে শেখানো হয়। এছাড়া কিশোর-কিশোরী, গর্ভবতী ও প্রসূতিদের জন্য অতি প্রয়োজনীয় পুষ্টি উপাদান-সমৃদ্ধ খাবার তৈরি, বিভিন্ন শাক-সবজি ও ফলমূলের পুষ্টি-গুণাগুণ, বিভিন্ন খাবার ও খাদ্য উপাদানের অভাবজনিত লক্ষণ প্রভৃতি বিষয়েও আলোচনা করা হয়। অন্যদিকে, ভ্যাক্সিনেশন ক্যাম্পে কর্মএলাকার সদস্যদের গবাদিপশুর বিভিন্ন রোগের জন্য বিনামূল্যে টিকা প্রদান করা হয়।*




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে এসএসএস-এর অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন (নেম) কর্মসূচির অধীনে আয়োজিত একটি পুষ্টিক্যাম্পের একাংশ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষে এসএসএস-এর অপুষ্টি দূরীকরণের মাধ্যমে জাতি-গঠন (নেম) কর্মসূচির অধীনে আয়োজিত একটি গবাদি-পশু ভ্যাক্সিনেশন ক্যাম্পের একাংশ

# সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের উন্নতমানের খাবার পরিবেশন...





১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে টাঙ্গাইল সদর উপজেলার কুইজবাড়িতে অবস্থিত এসএসএস সোনার বাংলা চিল্ড্রেন হোমের ছেলেমেয়েদের মধ্যাহ্ন ভোজে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

## প্রকাশনায়

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)

প্রধান কার্যালয়: হাউজ-৬/১, ব্লক-এ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: ৮৮-০২-৫৫০০৮৩৩৪-৫

ফাউন্ডেশন অফিস: এসএসএস ভবন, ময়মনসিংহ রোড, পোস্ট বক্স নং ১০, টাঙ্গাইল, বাংলাদেশ
ফোন: ০৯২১-৬৩১৯৫, ৬৩৬২২, ফ্যাক্স: ৮৮-০৯২১-৬৩৯৩১
ই-মেইল: ssstgl@btcl.net.bd, ssstgl@yahoo.com
Website: www.sss-bangladesh.org